গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন
১০৮ মতিঝিল বা/এ,ঢাকা-১০০০।
www.dyd.gov.bd.

স্মারকনং-৩৪.০১.০০০০.০২৯.৩৭.৫২৭.১৭- ১৬৫৩ তারিখঃ ১৪ ভাদ্র ,১৪২৪ বঙ্গাব্দ
২৯ আগষ্ট,২০১৭ খ্রিষ্টাব্দ

## ন্যাশনাল সার্ভিস কর্মসূচিতে (৬ষ্ঠ পর্ব) অন্তর্ভুক্তির বিজ্ঞপ্তি

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়াধীন যুব উন্নয়ন অধিদপ্তরের মাধ্যমে পরিচালিত ন্যাশনাল সার্ভিস কর্মসূচির আওতায় অস্থায়ী কর্মসংস্থানের জন্য **রংপুর জেলার বদরগঞ্জ,ময়মনসিংহ জেলার গৌরীপুর, রংপুর জেলার পীরগাছা, শরিয়তপুর জেলার নড়িয়া ,শেরপুর জেলার শ্রীবর্দী,পিরোজপুর জেলার নেছারাবাদ (স্বরূপকাঠি),পিরোজপুর জেলার ভান্ডারিয়া,ঝালকাঠি জেলার রাজাপুর, চাঁদপুর জেলার শাহরাস্তি, গাইবান্ধা জেলার সুন্দরগঞ্জ, শরিয়তপুর জেলার ডামুড্যা, খুলনা জেলার কয়রা,গাইবান্ধা জেলার গোবিন্দগঞ্জ,রংপুর জেলার মিঠাপুকুর,সাতক্ষীরা জেলার তালা,সিলেট জেলার জৈন্তাপুর, লক্ষীপুর জেলার লক্ষীপুর সদর,ময়মনসিংহ জেলার ত্রিশাল, রাজবাড়ি জেলার পাংশা, সাতক্ষীরা জেলার কলারোয়া** উপজেলার আগ্রহী যুবক ও যুবনারীদের নিকট হতে আবেদন আহবান করা যাচ্ছে ।

**শর্তাবলীঃ**

১। আবেদনকারী বেকার যুবক ও যুবনারীর বয়স ২৪-৩৫ বছর এর মধ্যে এবং শিক্ষাগত যোগ্যতা ন্যূনতম উচ্চমাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।

২। আবেদনকারীকে সংশ্লিষ্ট উপজেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।

৩। আবেদনপত্রের সাথে সকল শিক্ষাগত যোগ্যতার সনদের অনুলিপি, নাগরিকত্বের সনদপত্র (ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার থেকে প্রাপ্ত)জাতীয় পরিচয়পত্রের অনুলিপি, চারিত্রিক সনদ পত্র(প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা অথবা শেষ শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানের নিকট থেকে প্রাপ্ত), ২ কপি পাসপোর্ট সাইজের ছবি ইত্যাদি গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে সংযুক্ত করতে হবে।

৪। আবেদনকারী বেকার যুবক/যুবনারী মুক্তিযোদ্ধার সন্তান/ক্ষুদ্র নৃ-তাত্ত্বিক গোষ্ঠি/প্রতিবন্ধী হলে এর স্বপক্ষে সনদ সংযুক্ত করতে হবে।

৫। আবেদন পত্র সংশ্লিষ্ট উপজেলার উপজেলা নির্বাহী অফিসার বরাবর ৩০/ টাকার পোস্টাল অর্ডার বা ব্যাংক ড্রাফটসহ আগামী ৩০/০৯/২০১৭খ্রিঃ তারিখের মধ্যে দাখিল করতে হবে।

৬। ন্যাশনাল সার্ভিসে অন্তর্ভুক্তির প্রাথমিক পর্যায়ে সংশ্লিষ্ট যুবক/যুবনারীকে ১০টি নির্ধারিত মডিউলে ৩ মাস মেয়াদী প্রশিক্ষণ গ্রহণ করতে হবে।

৭। সফলভাবে প্রশিক্ষণ সমাপ্তকারী যুবক/যুবনারীকে ০২(দুই) বছরের জন্য সরকারের বিভিন্ন সেবাখাতে অস্থায়ী কর্মসংস্থানে নিয়োজিত করা হবে। সংযুক্তিতে যোগদানের প্রাক্কালে নীতিমালা মোতাবেক সংশ্লিষ্ট যুবক/যুবনারীকে উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়ের সাথে চুক্তিনামা সম্পাদন করতে হবে। সেই সাথে শিক্ষাগত যোগ্যতার সকল মূল সনদপত্র উক্ত কার্যালয়ে জমা রাখতে হবে।

৮। আবেদনকারী যুবক/যুবনারীকে এ সংযুক্তি সরকারী কোন স্থায়ী চাকরির নিশ্চয়তা প্রদান করবে না।

৯। আবেদনকারী কোন যুবক/যুবনারী ভুল বা অসত্য তথ্য প্রদান করলে বা অস্থায়ী সংযুক্তিকালীন অন্য কোন সরকারী/বেসরকারী সংস্থায় নিয়োজিত থাকলে এবং এর প্রমাণ পাওয়া গেলে স্বয়ংক্রিয়ভাবে ন্যাশনাল সার্ভিস কর্মসূচিতে তার অন্তর্ভুক্তি বাতিল বলে গণ্য হবে।

১০। আবেদনকারীকে নিম্ন-বর্ণিত ছকে আবেদন করতে হবে।

### ন্যাশনাল সার্ভিস কর্মসূচিতে অন্তর্ভুক্তির আবেদন ছক

| | | | |
|---|---|---|---|
| ১ | নাম | ঃ | |
| ২ | পিতা/স্বামীর নাম | ঃ | |
| ৩ | মাতার নাম | ঃ | |
| ৪ | বর্তমান ঠিকানা | ঃ | |
| ৫ | স্থায়ী ঠিকানা | ঃ | |
| ৬ | পিতা/স্বামীর পেশা | ঃ | |
| ৭ | ৩০/০৯/২০১৭খ্রিঃ তারিখে বয়সঃ (জন্ম তারিখের জন্য এসএসসি পরীক্ষার সনদ অনুসরণীয়) | ঃ | |
| ৮ | জাতীয় পরিচয়পত্র নং | ঃ | |
| ৯ | জাতীয়তা | ঃ | |
| ১০ | ধর্ম | ঃ | |
| ১১ | শিক্ষাগত যোগ্যতা | ঃ | |
| ১২ | পেশা (বেকার হলে কতদিন যাবত বেকার, বেকার থাকার স্বপক্ষে ইউনিয়ন পরিষদ/পৌরসভার চেয়ারম্যানের সনদপত্র আবেদনের সাথে দাখিল করতে হবে) | ঃ | |
| ১৩ | বৈবাহিক অবস্থা | ঃ | |
| ১৪ | লেখাপড়া ছাড়া অতিরিক্ত যোগ্যতা/কোন কাজের অভিজ্ঞতা (যদি থাকে) | ঃ | |
| ১৫ | টেলিফোন/মোবাইল নং (যদি থাকে) | ঃ | |
| ১৬ | রেফারেন্স-২ জন, যোগাযোগ নম্বর সহ (প্রার্থীর আত্মীয় নন কিন্তু প্রার্থী সম্পর্কে ভাল জানেন এমন ব্যক্তির) | ঃ | |

প্রাপক : উপজেলা নির্বাহী অফিসার
ও সভাপতি
উপজেলা সমন্বয় কমিটি
ন্যাশনাল সার্ভিস কর্মসূচি
উপজেলা-------------------,জেলা--------------------।

আবেদনকারীর স্বাক্ষর :
পূর্ণ নাম :
তারিখ:

প্রশিক্ষণ ও অস্থায়ী সংযুক্তিকালীন প্রাপ্য সুবিধাদিঃ

১। ন্যাশনাল সার্ভিস কর্মসূচির জন্য নির্বাচিত বেকার যুবক/যুবনারী ৩ মাস প্রশিক্ষণকালীন দৈনিক ১০০/- টাকা হারে প্রশিক্ষণ ভাতা প্রাপ্য হবেন এবং অস্থায়ী কর্মে সংযুক্তিকালীন দৈনিক ২০০/- টাকা হারে কর্মভাতা প্রাপ্য হবেন।

২। ন্যাশনাল সার্ভিস কর্মসূচির জন্য নির্বাচিত বেকার যুবক/যুবনারী অস্থায়ী কর্মে সংযুক্তিকালীন দৈনিক ২০০/- টাকা হারে মাসিক প্রাপ্য ৬০০০/- টাকা কর্মভাতা হতে ২০০০/- টাকা মাসিক সঞ্চয় হিসেবে সংশ্লিষ্ট সুবিধাভোগীর নিজ নামে ব্যাংকে গচ্ছিত রাখা হবে এবং অস্থায়ী সংযুক্তির মেয়াদ শেষে সুদসহ সমুদয় টাকা তাকে ফেরত প্রদান করা হবে।

৩। ন্যাশনাল সার্ভিস কর্মসূচির অধীনে নির্বাচিত বেকার যুবক/যুবনারী প্রশিক্ষণ শেষে প্রশিক্ষণ সনদ এবং অস্থায়ী কর্মে সংযুক্তি শেষে অভিজ্ঞতার সনদ যুব উন্নয়ন অধিদপ্তর হতে প্রাপ্ত হবেন।

৪।ন্যাশনাল সার্ভিস কর্মসূচির জন্য নির্বাচিত বেকার যুবক/যুবনারী অস্থায়ী কর্মে সংযুক্তিকালীন অন্য কোন চাকুরিতে নিয়োজিত হতে আগ্রহী হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অবহিত করে অস্থায়ী সংযুক্তি হতে অব্যাহতি গ্রহণ করতে পারবেন।

৫। ন্যাশনাল সার্ভিসের আওতায় যুবক/যুবনারী কর্মকাল সমাপনান্তে ও দক্ষতাবৃদ্ধিমূলক প্রশিক্ষণ থাকা সাপেক্ষে যুব উন্নয়ন অধিদপ্তর, জনতা ব্যাংক এবং কর্মসংস্থান ব্যাংক হতে ঋণ প্রাপ্তিতে অগ্রাধিকার পাবেন।

বিশেষ দ্রষ্টব্য ঃ

১। ন্যাশনাল সার্ভিস কর্মসূচি মন্ত্রিপরিষদ অনুমোদিত ন্যাশনাল সার্ভিস কর্মসূচি নীতিমালা দ্বারা পরিচালিত হবে।

২। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন যুবক/যুবনারীর অন্তর্ভুক্তি/অস্থায়ী সংযুক্তি বহাল রাখা/বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

(আবুল হাছান খান)
যুগ্মসচিব
পরিচালক(পরিকল্পনা)
ও
পরিচালক(অঃ দাঃ)
ন্যাশনাল সার্ভিস কর্মসূচি
ফোন ঃ ৯৫৬০৭০৩